

শ্রেণি: ষষ্ঠ

বিষয়: বাংলা প্রথমপত্র

জ্ঞানমূলক প্রশ্ন:

১. দোকানের মালিক কত দিন পরে ফিরে এসেছিলেন?
২. 'ইত্যবসরে' শব্দের অর্থ কী?
৩. তাঁতি কাকে দোকানের ভার দিয়ে জরুরি কাজে বাড়ি গিয়েছিলেন?
৪. মাসিক বন্দোবস্ত করে তাঁতি কোথায় গেলেন?
৫. 'অগত্যা' শব্দের অর্থ কী?
৬. করিম কার নামে দোকান চালাতে লাগল?
৭. তীর্থ শব্দের অর্থ কী?
৮. 'মানবজীবন' কার লেখা?
৯. বৃদ্ধ তাঁতি করিমকে কার সাথে তুলনা করেছিলেন?
১০. তাঁতির ঋণের টাকা কে শোধ করলো?
১১. ড: মোহাম্মদ লুৎফর রহমান কেমন প্রাবন্ধিক ছিলেন?
১২. 'বালকের সততা' গল্পে কোন বিষয়টি তুলে ধরা হয়েছে?
১৩. 'বালকের সততা' গল্পের প্রধান চরিত্র কে?
১৪. তাঁতি করিম বকশ কে কতক্ষণের জন্য রেখে গিয়েছিলেন?
১৫. করিম একটি দোকানের পরিবর্তে কয়টি দোকান স্থাপন করেছিল?

অনুধাবন প্রশ্ন:

- ক) 'সততাই মানব চরিত্রের শ্রেষ্ঠ গুণ'- ব্যাখ্যা কর।
- খ) করিমকে বৃদ্ধ ফেরেশতার সাথে তুলনা করেছিলেন কেন?
- গ) তাঁতি পিরে না আসার কারণ ব্যাখ্যা কর।

সৃজনশীল প্রশ্ন:

১. গার্মেন্টস শ্রমিক রহিম ও মারুফ দুই বন্ধু। একবার ঈদের আগে মালিক বেতন দিতে না পারায় সব শ্রমিকেরা খুব খেপে গেল। শ্রমিকেরা গার্মেন্টস ভাঙার সিদ্ধান্ত নিল। মারুফ ও সেই দলে যোগ দিল। কিন্তু রহিম সবার উদ্দেশ্যে বললেন, এই গার্মেন্টসে সবাই আমরা কাজ করি, আমাদের এটি ভাঙা ঠিক হবে না। মালিক যাই করুক না কেন আমাদের অন্যায় করা থেকে বিরত থাকতে হবে। আলোচনার মাধ্যমে আমরা অধিকার আদায় করবো কিন্তু সহিংসতার পথ বেছে নিব না।
 - ক) 'বালকের সততা' গল্পটি কে লিখেছেন?
 - খ) এর বেশি কিছু আমি আশা করিনি কে, কেন বলেছেন?
 - গ) উদ্দীপকের দুই বন্ধুর মধ্যে কার সাথে করিম বকশ এর মিল আছে? যুক্তি দিয়ে বোঝাও।
 - ঘ) 'বালকের সততা' গল্পে করিম বকশ এর সততা তাঁতি কিভাবে মূল্যায়ন করেছেন?
২. আলম একজন বেসরকারি চাকুরিজীবী। কাজের মেয়ে সাবিনার ওপর দায়িত্ব দিয়ে তিনি অফিসে যান। সাবিনা একদিন লোভের বশবর্তী হয়ে বেশ কিছু টাকা ও স্বর্ণালংকার নিয়ে পালিয়ে যায়। কিন্তু কিছুদিন পরে সাবিনা তার ভুল বুঝতে পেরে গৃহকর্ত্রীর কাছে এসে ক্ষমা চায় এবং মালামাল ফিরিয়ে দেয়। সাবিনা তার অপরাধের জন্য অনুশোচনা করে। তখন আলম তাকে বুঝিয়ে বলেন, চরিত্র মানবজীবনের এক অমূল্য সম্পদ, আর সততা হলো চরিত্রের সর্বশ্রেষ্ঠ উপাদান।
 - ক) করিম নতুন দোকানগুলো কার নামে চালাতে লাগলো?
 - খ) 'তুমি মানুষ না, ফেরেশতা' তাঁতি এই কথা কেন বলেছে?
 - গ) উদ্দীপকের সাবিনার সাথে 'বালকের সততা' গল্পের করিমের বৈসাদৃশ্য নিরূপণ কর।
 - ঘ) 'সততা হলো চরিত্রের সর্বশ্রেষ্ঠ উপাদান' - 'বালকের সততা' গল্পের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর।